ইউক্রেনে বাংলাদেশিদের নিরাপদে অবস্থান নেয়ার পরামর্শ

চেম্বার ডেস্ক:: ইউক্রেনে অবস্থিত সকল বাংলাদেশিদের বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারি) নিরাপদে অবস্থান করার পরামর্শ দিয়েছে বাংলাদেশ। কেননা রাশিয়ার আগ্রাসনের মধ্যে কিয়েভ তার আকাশসীমা বন্ধ করে দিয়েছে। শিক্ষার্থীসহ আনুমানিক ৫০০ বাংলাদেশি নাগরিক বর্তমানে ইউক্রেনে আটকা পড়েছেন।

পোল্যান্ডে বাংলাদেশের দূতাবাস জানিয়েছে তারা ‘ইউক্রেনে বাংলাদেশিদের নিরাপত্তা নিশ্চিত করতে আরও পদক্ষেপের বিষয়ে’ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করছে।

পোল্যান্ডে বাংলাদেশের রাষ্ট্রদূত সুলতানা লায়লা হোসেন ওয়ারশ থেকে বলেন, প্রায় ৫০০ বাংলাদেশির সঙ্গে আমাদের সরাসরি যোগাযোগে আছে। আমরা তাদের নিরাপদ স্থানে আশ্রয় নিতে বলেছি।

রাষ্ট্রদূত সুলতানা অবশ্য আশঙ্কা প্রকাশ করে বলেছেন, ইউক্রেনে আরও বাংলাদেশি থাকতে পারে যারা এখনও দূতাবাসের সঙ্গে যোগাযোগ করেনি।

ইউক্রেনে বর্তমানে বাংলাদেশের কোনো দূতাবাস বা কনস্যুলেট নেই। পোল্যান্ডে দেশটির দূতাবাস ইউক্রেনের ডি-ফ্যাক্টো কূটনৈতিক মিশন হিসেবে কাজ করে।

এর আগে মঙ্গলবার (১৫ ফেব্রুয়ারি) পোল্যান্ডে অবস্থিত বাংলাদেশ দূতাবাস জানিয়েছে, ইউক্রেনের বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বাংলাদেশিদের সাময়িকভাবে দেশটি ত্যাগ করার পরামর্শ দেয়া যাচ্ছে। অবিলম্বে অন্য কোন দেশে যেতে না পারলে তারা বাংলাদেশে ফিরে যেতে পারেন। ঘটনাবলী পর্যবেক্ষণ করে পরবর্তীতে দূতাবাসের পক্ষ থেকে পরামর্শ হালনাগাদ করা হবে।

এতে আরও বলা হয়েছে, একই সঙ্গে অত্যাবশ্যকীয় না হলে বাংলাদেশিদের ইউক্রেনে সব ধরনের ভ্রমণ পরিহার করার জন্য পরামর্শ দেয়া হলো।

এছাড়া ইউক্রেনে অবস্থানরত সকল বাংলাদেশিদের তাদের অবস্থানের তথ্য দূতাবাসকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে। যাতে করে জরুরি প্রয়োজনে দূতাবাস তাদের সঙ্গে যোগাযোগ করতে পারে।